# উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা ২০২৪

<table>
<tr><th>ক্র: নং</th><th>উদ্ভাবনী উদ্যোগের নাম</th><th>উপস্থাপিত কর্মকর্তা/কর্মচারীর দপ্তর</th><th>উদ্ভাবনী উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ<br>(বাস্তবায়নের সময়সহ)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>স্মার্ট অ্যাপ এর মাধ্যমে দপ্তরের ঋণ কার্যক্রম ও গ্রাহক সেবাকে ডিজিটালাইজেশন</td><td>জাতীয় মহিলা সংস্থা, জেলা কার্যালয়, দিনাজপুর</td><td>ঋণ কার্যক্রমের আওতায় ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায় করার ক্ষেত্রে অধিকাংশ সময় মাঠ পর্যায়ে গিয়ে ঋণ আদায় করতে ব্যাপক সময় অপচয় হয়ে থাকে এবং ঋণ গ্রহীতারা কার্যালয়ে এসে ঋণের টাকা প্রদানে দ্বিধান্বিত হয়। এ ক্ষেত্রে স্মার্ট অ্যাপ তৈরীর মাধ্যমে দপ্তরের ঋণ কার্যক্রম ও গ্রাহক সেবাকে ডিজিটালাইজেশন করা হলে ঋণ গ্রহীতা সহজেই ঘরে বসেই মোবাইল ব্যাংকিং (বিকাশ, নগদ, রকেট ও অন্যান্য) এর মাধ্যমে ঋণ গ্রহণ ও প্রদান উভয় করতে সক্ষম হবে। এছাড়া অ্যাপ এর মাধ্যমে তাদের ঋণ বিষয়ক সকল তথ্য জানতে পারবে।<br>বাস্তবায়নের সময়কালঃ (১.৫-২ বছর)</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>পারিবারিক নির্যাতনের শিকার নারীদের প্রতিকার প্রদান প্রক্রিয়া</td><td>১) মোঃ আব্দুল মালেক (হি:র:কা:ক্রে: সুপারভাইজার)<br>২) মোঃ কামাল হোসেন অফিস সহকারী উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর</td><td>সমাজে অবহেলিত পিছিয়ে থাকা নারী যারা প্রতিনিয়ত দুষ্ট প্রকৃতির ব্যক্তি, পরিবার ও সমাজ দ্বারা বিভিন্নভাবে নির্যাতনের শিকার হচ্ছে তাদের প্রতিকার প্রদানের জন্য সভা, সেমিনার, উঠান বৈঠক আয়োজন, গণপ্রচারণা ও হটলাইন নম্বর ৯৯৯ সম্পর্কে সচেতনতা ও যোগাযোগ এবং কাউন্সিলিং এর মাধ্যমে সৃষ্ট বিরোধ নিষ্পত্তি করা হয়।<br>উক্ত সেবা গ্রহণের জন্য dwaodnj@gmail.com এবং www.dwao.dinajpur.gov.bd.com সেবা লিংক চালু সর্বদা রয়েছে।<br>কার্যক্রমের তুলনামূলক বিশ্লেষণ নিম্নরূপ:<br><table><tr><td>পূর্বের অবস্থা</td><td>পরের অবস্থা</td></tr><tr><td>সময় ৩০ দিন</td><td>সময় ১৫ দিন</td></tr><tr><td>খরচ ৫০০ টাকা</td><td>খরচ ৩০০ টাকা</td></tr><tr><td>ভিজিট ১২ দিন</td><td>ভিজিট ৬দিন</td></tr><tr><td>ধাপ ৫</td><td>ধাপ ৩</td></tr></table></td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>কীটনাশক ছিটানোর ড্রোন</td><td>মোঃ সবুজ<br>ক্ষুদে উদ্যোক্তা<br>ফুলবাড়ী, দিনাজপুর<br>মোবাইল নং-০১৭০৯৮৫১১৭৯</td><td>কৃষি জমিতে সার ও কীটনাশক ছিটানোর নিমিত্ত অনেক জনবল ও সময়ের প্রয়োজন হয়। এছাড়াও জমিতে কীটনাশক ও সার প্রয়োগ করতে গিয়ে চাষিরা বিষক্রিয়ায় স্বাস্থ্য ঝুকিতে পড়ে। কীটনাশক ছিটানোর ড্রোনটি ব্যবহারে স্বল্প জনবলে অল্পসময়ের মধ্যে সার ও কীটনাশক ছিটানো সম্পন্ন হয়ে থাকে অপরদিকে কৃষকদের স্বাস্থ্য ঝুকিও কম থাকে। এই উদ্যোগটি ফেব্রুয়ারি ২০২৩ মাসে গ্রহণ করা হয়।</td><td></td></tr>
<tr><td>০৪.</td><td>স্মার্ট মৎস্য অভয়াশ্রম</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পার্বতীপুর, দিনাজপুর।</td><td>মৎস্য সম্পদ ও প্রাকৃতিক জলাশয় সংরক্ষণের জন্য মৎস্য অভয়াশ্রমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা মাছের নিরাপদ প্রাকৃতিক প্রজননসহ দেশীয় প্রজাতির মাছের প্রাচুর্য বৃদ্ধিতে সহায়ক। অভয়াশ্রম স্থাপনের পর এটির রক্ষণাবেক্ষণ ও নজরদারি বেশ ব্যয়বহুল। অভয়াশ্রম মেরামতের পর পাহাড়াদার না থাকার কারনে কিছু লোভী প্রকৃতির লোক অভয়াশ্রম হতে মৎস্য নিধন ও মেরামতের বিভিন্ন উপকরণ চুরির সাথে জড়িত থাকে। এই সমস্যা হতে পরিত্রানের জন্য বিগত ০১ জানুয়ারী, ২০২৪ পার্বতীপুর উপজেলার "বড়পুকুরিয়া কয়লাখনি" বিলে অবস্থিত মৎস্য অভয়াশ্রম কে স্বয়ংক্রিয় এ্যালার্ম যুক্ত সোলার সিস্টেম স্মার্ট ক্যামেরা স্থাপনের মাধ্যমে "স্মার্ট মৎস্য অভয়াশ্রমে" রূপান্তরিত করা হয়েছে। এতে ইন্টারনেটের মাধ্যমে অভয়াশ্রমটিকে যে কোন স্থান হতে মনিটরিং করা যাচ্ছে। অভয়াশ্রমের ১০ মিটারের মধ্যে কোন মানুষ প্রবেশ করলে স্বয়ংক্রিয়ভাবে স্মার্ট ফোনে মেসেজ আসছে এবং ঐ ব্যক্তির ছবি তুলে রাখছে। মাসিক ৪০০-৫০০ টাকা ইন্টারনেট খরচের বিনিময়ে ২৪ ঘন্টা পাহাড়াদারের কাজ করছে স্মার্ট ক্যামেরাটি। মৎস্যখাতে স্মার্টমৎস্য সম্পদ ব্যবস্থাপনায় এই পদক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এক ধাপ এগিয়েছে।</td><td></td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | লো কস্ট রাইজার ভালভ ফর ইরিগেশন | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) বীরগঞ্জ জোন, দিনাজপুর | বিএমডিএ সেচযন্ত্রসমূহে ভূগর্ভস্থ পাইপ লাইন দ্বারা সেচের পানি বিতরণ করা হয়। এক্ষেত্রে পানি ব্যবহারের জন্য আউটলেট স্ট্রাকচারে ঢালাই লৌহ নির্মিত রাইজার ভালভ ব্যবহার হয়। দীর্ঘদিন ব্যবহারে রাইজার ভালভের শ্যাফটের থ্রেড ক্ষয়/নষ্ট হয়ে যায়। প্রচলিত পদ্ধতিতে থ্রেড তৈরির জন্য আরসিসি ঢালাই ভেঙ্গে রাইজার ভালভ সেট সম্পুর্ণ উত্তোলন করে লেদ কারখানায় এনে থ্রেড তৈরি করে পুনরায় আরসিসি ঢালাই দিয়ে সেট তৈরি করতে হবে। এ কাজে প্রতিটিতে খরচ হয় প্রায় ২০০০/- টাকা। সম্প্রতি রাইজার ভালভের প্লেট আশংকাজনক ভাবে চুরি হচ্ছে। স্মার্ট সেচ ব্যবস্থাপনার জন্য নষ্ট থ্রেড মেরামত ও প্লেট চুরি থেকে রক্ষার জন্য ভালভ বেইজ অক্ষুন্ন রেখে কম খরচে কাঠের প্লেট ব্যবহার এবং সহজপ্রাপ্য ও সাশ্রয়ী নাট বোল্ট ব্যবহারে বিদ্যমান সমস্যাটি সমাধান সম্ভব। খরচ হবে সর্বোচ্চ ৫০০ টাকা। সময় বাঁচবে, সেচ কার্যক্রম বিঘ্নিত হবে না এবং খরচ ও পেরেশানি কমবে।<br>বাস্তবায়নের সময় কাল: ১৪/০২/২০২৩ খ্রি. | |
| ০৬. | কিশোর-কিশোরীদের নিয়ে বয়:সন্ধিকালীর স্বাস্থ্য সেবা ও বাল্য বিবাহ রোধে নব-দম্পতি ও গর্ভবতী মায়েদের নিরাপদ প্রসব এবং পুষ্টি সম্পর্কিত | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর | স্কুল, FWC এবং ইউনিয়ন পরিষদ মিলনায়তনে চলচিত্র প্রদর্শনীর মাধ্যমে কিশোরীদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সেবা, বাল্য বিবাহ রোধ, নব-দম্পতি ও গর্ভবতী মায়েদের নিরাপদ প্রসব এবং পুষ্টি সম্পর্কে অবহিত এবং উদ্বুদ্ধকরণ। মডেল ও মানউন্নীত FWC তে বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সেবা কর্ণার স্থাপনের মাধ্যমে কিশোর কিশোরীদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সেবা, পুষ্টি বাল্যবিবাহের কুফল এবং পরিবার পরিকল্পনা বিষয়ে সেবা ও তথ্য প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>বাস্তবায়নের সময়কাল: ২২/১০/২০১৯খ্রি.। | |
| ০৭. | "অনলাইনে হাজিরা দেই, ক্ষুদে বার্তায় বন্ধু হই" | উপজেলা শিক্ষা অফিস, কাহারোল, দিনাজপুর | ওয়েব এ্যাড্রেস psmsbd.com লগইন করে সম্মানিত শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদের দৈনিক হাজিরা আপডেট করেন এবং অনুপস্থিত শিক্ষার্থীদের অভিভাবকদের মোবাইল নাম্বারে তাঁদের সন্তান স্কুলে আসেনি মর্মে এসএমএস প্রদান করা হয়। এই ওয়েবসাইটটি তৈরি করতে আনুমানিক ৪০ হতে ৪৫ হাজার টাকা খরচ হয়েছে আর প্রতি এসএমএস প্রদানের জন্য আলাদা চার্জ দিতে হয়। একজন অনুপস্থিত শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে এসএমএস প্রদান করতে বর্তমানে খরচ হয় ৮০ পয়সা।<br><br>এই কার্যক্রমের সুবিধাসমূহ :<br>১. স্মার্ট ও অল্প সময়ে হাজিরা প্রদান;<br>২. পেপারলেস এ্যাটেনডেন্স<br>৩. অনুপস্থিত শিক্ষার্থীদের অভিভাবকের মোবাইলে এসএমএস প্রদান;<br>৪. অভিভাবকদের সাথে স্কুলের সুসম্পর্ক স্থাপন;<br>৫. সন্তান স্কুলে গেল কিনা সে সম্পর্কে অভিভাবকরা নিশ্চিত হন;<br>৬. উর্ধ্বতন কর্তৃপক্ষ অফিসে বসেই সকল স্কুলের হাজিরা সহজেই মনিটরিং করতে পারেন;<br>৭. সর্বোপরি শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি। | |

০৫/০২/২০২৪

(মোহাম্মদ নূর-এ-আলম )
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৩৬৬০
adceduictdinajpur@mopa.gov.bd